ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-১৫২৫</u>

আগরতলা,১ জুলাই,২০২৫

# প্রকাশিত সংবাদের প্রতিবাদ

‘শহরের একাংশে আচমকা জন্ডিসে আক্রান্ত বহু মানুষ এবং শহরের একাংশে জন্ডিসে আক্রান্ত বহু মানুষ, ঘুম ভাঙলো দপ্তরের’ শিরোনামে গত ২৩ জুন, ২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে ডি.ডব্লিউ.এস. দপ্তরের পক্ষ থেকে পুরনিগম এলাকার জনসাধারণের উদ্দেশ্যে জানানো হয়েছে, ডি.ডব্লিউ.এস. দপ্তরের পক্ষ থেকে যে পানীয়জল সরবরাহ করা হয়েছে তার জন্য এই রোগ ছড়ায়নি।

স্বাস্থ্য দপ্তর থেকে গত ২৩ জুন, মাস্টারপাড়া, ওয়ার্ড নং ৩২ এবং বড়দোয়ালি সরকারি ছাপাখানার নিকটে ডি.ডব্লিউ.এস. দপ্তর এলাকা থেকে জলের নমুনা সংগ্রহ করে আগরতলা সরকারি মেডিকেল কলেজের মাইক্রোবায়োলজি ডিপার্টমেন্ট-এ পরীক্ষা করার জন্য পাঠিয়েছে। ২৭ জুন মাইক্রোবায়োলজি ডিপার্টমেন্ট-এর প্রধান কর্তৃক স্বাক্ষরিত টেস্ট রিপোর্ট ডি.ডব্লিউ.এস. দপ্তরের হাতে এসে পৌঁছেছে। এই টেস্ট রিপোর্টে পরিষ্কারভাবে উল্লেখিত আছে ডি.ডব্লিউ.এস. দপ্তরের সরবরাকৃত পানীয়জলে কোনও ক্ষতিকারক জীবাণুর অস্তিত্ব পাওয়া যায়নি। জলে গুণগতমান এক্সিলেন্ট বলে মন্তব্য করা হয়েছে।

এই পরিপ্রেক্ষিতে ডি.ডব্লিউ.এস. দপ্তরকে যুক্ত করে যে সংবাদ প্রকাশিত হয়েছে দপ্তর তার তীব্র প্রতিবাদ করছে এবং এটাও উল্লেখ করছে যে জন্ডিসে আক্রান্ত হওয়ার জন্য ডি.ডব্লিউ.এস. দপ্তর কর্তৃক সরবরাহকৃত পানীয়জল কোনও দায়ী নয়। তাই উক্ত এলাকায় বসবাসকারী জনগণের অবগতির জন্য ডি.ডব্লিউ.এস. দপ্তর থেকে এলাকার সকলকে জানানো যাচ্ছে যে, দপ্তর কর্তৃক সরবরাহ করা পানীয়জল নির্দ্বিধায় ব্যবহার ও পান করতে পারবেন।

*****